

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
প্রোগ্রাম্যাটিক সিডিএম- ২য় পর্ব প্রকল্প
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭।

স্মারক নং- পঅ/প্রোগ্রাম সিডিএম-২য় পর্ব প্রকল্প/জনবল নিয়োগ/১৮/২০১৭/৮৯

তারিখ: ১২/১১/২০১৮ খ্রিঃ


নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবেশ অধিদপ্তরে বাস্তবায়নধীন “বাংলাদেশের শহরগুলোর (সিটি কর্পোরেশন/পৌরসভা) জৈব আবর্জনা ব্যবহার করে প্রোগ্রাম্যাটিক সিডিএম-২য় পর্ব” প্রকল্পের সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত পদসমূহে জনবল নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম	মাসিক বেতন (সর্বসাকুল্যে)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১	মনিটরিং অফিসার	৩৫,৬০০/-	২ জন	প্রার্থীকে অবশ্যই কৃষি/রসায়ন/পরিবেশ বিজ্ঞান/ফরেস্ট্রি বিষয়ে ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর স্নাতকসহ দ্বিতীয় শ্রেণীর মাস্টার্স ডিগ্রীধারী অথবা ৪ বৎসরের দ্বিতীয় শ্রেণীর স্নাতক(সম্মান) ডিগ্রী অথবা সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীধারী হতে হবে।	বর্জ্য ব্যবস্থাপনা সংশ্লিষ্ট মনিটরিং কাজে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
২	হিসাবরক্ষক	২৭,১০০/-	১ জন	প্রার্থীকে অবশ্যই বানিজ্যে দ্বিতীয় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী অথবা বানিজ্যে ৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রীধারী হতে হবে।	সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কাজে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৩	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	২১,৭০০/-	২ জন	প্রার্থীকে অবশ্যই ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রীধারী হতে হবে এবং কম্পিউটার পরিচালনা ও টাইপিং এ দক্ষ হতে হবে।	৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে তন্মধ্যে কমপক্ষে বর্জ্য ব্যবস্থাপনা সংশ্লিষ্ট কাজে ২ বছরে অভিজ্ঞতা থাকতে হবে।
৪	পত্রবাহক	১৯,৩০০/-	১ জন	প্রার্থীকে অবশ্যই দ্বিতীয় বিভাগে এস,এস,সি পাশ হতে হবে বা সমমান।	বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে ২ বছরের কাজের অভিজ্ঞতা।

নিয়োগের নিয়ম ও শর্তাবলী :

- আগ্রহী প্রার্থীদের সাদা কাগজে নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, ১৩/১২/২০১৮ তারিখে বয়স, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয় পত্র নম্বর, মোবাইল ফোন নম্বর ও অভিজ্ঞতা উল্লেখপূর্বক আবেদনপত্র দাখিল করতে হবে। খামের উপরে বামপাশে অবশ্যই আবেদনকৃত পদের নাম লিখতে হবে।
- সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ (তিন) কপি ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয় পত্র, অভিজ্ঞতার সনদ এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ দাখিল করতে হবে। প্রার্থীকে নিজ জেলার স্থায়ী বাসিন্দার স্ব-পক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ১৩/১২/২০১৮ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা মুক্তিযোদ্ধার নাতি/নাতনী ও এবং শারীরিক প্রতিবন্ধী ও উপজাতিদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। প্রোগ্রাম্যাটিক সিডিএম প্রকল্পে কর্মরত ১ম পর্বের জলবলের ক্ষেত্রে বয়সসীমা শিথিল যোগ্য।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা অথবা পুত্র কন্যার পুত্র কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে চাকরির আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতা/পিতামহ/মাতামহ/পিতামহী/মাতামহীর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। এছাড়া সরকারি গেজেটে ও মুক্তিবার্তায় প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম ও পরিচয় সম্বলিত তথ্যাদির কপি দাখিল করতে হবে। উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।
- প্রোগ্রাম্যাটিক সিডিএম প্রকল্পে কর্মরত ১ম পর্বের জলবলের ক্ষেত্রে অভিজ্ঞতা বিবেচনায় অগ্রাধিকার প্রদান করা হবে।
- চাকরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- আবেদন আগামী ১৩/১২/২০১৮ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে প্রকল্প পরিচালক, প্রোগ্রাম্যাটিক সিডিএম-২য় পর্ব প্রকল্প, পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭ ঠিকানায় ডাকযোগে পৌছাতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- আবেদনপত্রের সঙ্গে প্রার্থীর বর্তমান ঠিকানা/পত্র যোগাযোগের ঠিকানা সম্বলিত ২০ (বিশ) টাকার অব্যবহৃত ডাকটিকিট যুক্ত ১০X ৪.৫ ইঞ্চি মাপের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।
- চাকরীর মেয়াদ সম্পূর্ণ অস্থায়ী। শুধুমাত্র প্রকল্প চলাকালীন সময় পর্যন্ত।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, যোগ্যতাসম্পন্ন না হলে এবং নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। শুধুমাত্র শর্টলিস্টেড প্রার্থীদের নির্বাচনী পরীক্ষার জন্য আমন্ত্রণ জানানো হবে।
- প্রকল্প কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার জন্য কোন টি.এ/ডি.এ প্রদান করা হবে না।


(মোঃ আবুল কালাম আজাদ)
প্রকল্প পরিচালক